# নির্বাচনী আচরণবিধি ভঙ্গের অভিযোগে সারজিসকে জরিমানা


সারজিস আলম। ছবি: সংগৃহীত

পঞ্চগড়-১ আসনে ১১ দলীয় জোটের প্রার্থী সারজিস আলমের এক নির্বাচনী পথসভায় আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে ভ্রাম্যমান আদালত জরিমানা করেছে।

বুধবার (৪ ফেব্রুয়ারি) রাত সাড়ে ৮টার দিকে তেঁতুলিয়ার বুড়াবুড়ি বাজারে অভিযান চালিয়ে আদালত তাঁর প্রতিনিধির ওপর ৫ হাজার টাকা জরিমানা আরোপ করে। জানা যায়, রাত ৮টার পর মাইক ব্যবহার করে পথসভা চালানো হচ্ছিল, যা নির্বাচনী আচরণবিধির পরিপন্থী।

ভ্রাম্যমান আদালত সূত্রে বলা হয়, আচরণবিধির ১৭(২) ধারা ভঙ্গের দায়ে সারজিস আলমের প্রতিনিধি হাবিবুর রহমান হাবিবকে এ জরিমানা করা হয়।

এ বিষয়ে ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও তেঁতুলিয়া উপজেলার সহকারী কমিশনার (ভূমি) এস এম আকাশ জানান, অভিযানে জরিমানা করা হয়েছে এবং সংশ্লিষ্টদের ভবিষ্যতে আচরণবিধি মেনে চলার নির্দেশ দেওয়া হয়েছে।

হাবিবুর রহমান হাবিব বলেন, নির্ধারিত সময়ের কিছুটা বেশি পথসভা চলায় এ পরিস্থিতি তৈরি হয়। আইনের প্রতি শ্রদ্ধা রেখে জরিমানার অর্থ তাৎক্ষণিক পরিশোধ করা হয়েছে।

LENS ASIA